# সন্ত্রাসবাদ সমস্যা মোকাবেলা করা

**পটভূমি:**

সন্ত্রাসবাদীরা আক্রমণ করার আগে অথবা পরে তাদের শনাক্তকরণ এড়ানোর জন্য আন্তর্জাতিক বিমানবন্দর, বড় শহর, প্রধান আন্তর্জাতিক ইভেন্ট, রিসোর্ট এবং উচ্চ-মানের যুগান্তকারী কোনো কিছুর উপর মত দৃশ্যমান লক্ষ্যগুলিতে আঘাত হানার চেষ্টা করে। সন্ত্রাসবাদ হল কোন ব্যক্তি বা সম্পত্তির উপর বল প্রয়োগ, ভীতি প্রদর্শন, অথবা মুক্তিপণের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্র অপরাধমূলক আইন লঙ্ঘন করে বল প্রয়োগ করা বা হিংসাত্মক কাজ করা।

সন্ত্রাসবাদী কার্যকলাপের জন্য উচ্চ ঝুঁকি সম্পন্ন লক্ষ্যগুলির মধ্যে অন্তর্ভূক্ত হল সামরিক এবংঅসামারিক সুযোগসুবিধাগুলি, আন্তর্জাতিক বিমানবন্দর, বড় শহর, উচ্চ-মানের যুগান্তকারী কোনো কিছু। এছাড়াও সন্ত্রাসবাদীরা বড় জমায়েত, জল ও খাদ্য সরবরাহ, ইউটিলিটি, এবং কর্পোরেট কেন্দ্রগুলিকে আক্রমণ করতে পারে। এছাড়াও, সন্ত্রাসবাদীরা ডাকযোগে বিস্ফোরক অথবা রাসায়নিক এবং জৈব সামগ্রী পাঠিয়ে ভীতি ছড়াতে সক্ষম।

| সন্ত্রাসবাদীরা প্রায়ই এইসব বিষয় নিয়ে হুমকি দেয়: | সন্ত্রাসবাদী কার্যকলাপগুলির মধ্যে অন্তর্ভূক্ত হল: |
|---|---|
| • জনগণের মধ্যে ভীতির সৃষ্টি করা।<br>• জনগনকে বোঝাতে চায় যে তাদের সরকার সন্ত্রাসবাদ প্রতিরোধ করার ক্ষেত্রে দুর্বল।<br>• তাদের উদ্দেশ্যগুলির সম্পর্কে তৎক্ষণাৎ প্রচার পাওয়ার জন্য। | • সন্ত্রাসবাদের হুমকি; গুপ্তহত্যা, অপহরণ, ছিনতাই, বোমা বিস্ফোরণের ভীতি প্রদর্শন করা এবং বোমা বিস্ফোরণ ঘটানো, সাইবার আক্রমণ (কম্পিউটার-ভিত্তিক), এবং রাসায়নিক, জৈব, পরমাণু ও রেডিওলজিক্যাল অস্ত্রের ব্যবহার। |

সন্ত্রাসবাদী ঘটনার ঘটার আশপাশের এলাকার মধ্যে নির্দেশিকার জন্য আপনাকে পুলিশ, অগ্নি-নির্বাপনকারী এবং অন্যান্য কর্মকর্তাদের উপর নির্ভর করতে হবে। তবে, অন্যান্য সঙ্কটপূর্ণ পরিস্থিতিতে আপনি যেমনভাবে নিজেকে প্রস্তুত রাখেন এখানেও তেমন প্রস্তুত রাখতে পারেন।

**যখন সন্ত্রাসবাদী হামলা হয়:**

- ☐ আপনার আশপাশের এলাকা সম্পর্কে সচেতন থাকুন।
- ☐ অস্বাভাবিক আচরণ দেখলে জানান।
- ☐ ভ্রমণের সময় সতর্কতা অবলম্বন করুন।
  - অচেনা ব্যক্তিদের থেকে প্যাকেজ গ্রহণ করবেন না।
  - মালপত্র চোখের আড়াল করবেন না।
  - অস্বাভাবিক, সন্দেহজনক আচরণ অথবা বেওয়ারিশ কোনো মালপত্র এবং অদ্ভুত ডিভাইস পড়ে থাকতে দেখলে পুলিশ এবং নিরাপত্তা কর্মীদেরকে অবিলম্বে তা জানান।

ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:
হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

**সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011**

## সন্ত্রাসবাদ সমস্যা মোকাবেলা করা

-  আপনি যেসব ভবনে প্রায়শই যাতায়াত করেন সেখানে কোথায় আপৎকালীন প্রস্থানপথগুলি রয়েছে তা জেনে নিন।
-  জরুরী অবস্থায় ভবন খালি করার জন্য রাস্তার পরিকল্পনা করে রাখুন।
-  আপনি সাধারণত যেসব পরিষেবার উপর নির্ভর করেন—বিদ্যুৎ, টেলিফোন, প্রাকৃতিক গ্যাস, পেট্রল পাম্প, ক্যাশ রেজিস্টার, এটিএম এবং ইন্টারনেট লেনদেন এগুলি ছাড়া চলার জন্য ছাড়া নিজেকে প্রস্তুত রাখুন।
-  নিম্নলিখিত জিনিসগুলি ভবনের প্রতিটি তলায় আছে কিনা তা নিশ্চিত করতে ভবনের মালিকের সঙ্গে কাজ করুন:
  - পোর্টেবল, ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
  - বেশ কিছু টর্চলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
  - ফার্স্ট এইড কিট (প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম) এবং সেই সম্বন্ধীয় ছোট বই
  - শক্ত টুপি এবং ধুলো প্রতিরোধকারী মাস্ক
  - অগ্নি নির্বাপক
  - বিপজ্জনক এলাকাগুলি ঘিরে রাখার জন্য ফ্লুরোসেন্ট (উজ্জ্বল রঙের) টেপ ব্যবহার করুন

ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:
হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

**সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011**